দৈনিক সংবাদ

JUN. 29 2002

# ছাত্রদলের হুমকি শাবিপ্রবির অচলাবস্থা কাটেনি এখনও

**নিজস্ব বার্তা পরিবেশক, সিলেট কার্যালয়ঃ** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়(শাবিপ্রবি) শিক্ষকদের লাগাতার কর্মবিরতির কারণে সৃষ্ট অচলাবস্থার অবসান এখনো হয়নি। জাতীয়তাবাদী ছাত্রদল হুমকি দিয়েছে আগামী ৩০শে জুনের মধ্যে ক্লাশ চালু না হলে আন্দোলনের কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

প্রায় তিনসপ্তাহ ছুটির পর ২৪শে জুন শাবিপ্রবি খুললেও বিভিন্ন দাবিতে শিক্ষকদের লাগাতার কর্মবিরতির কারণে ক্লাশ হচ্ছেনা।

গত ১৭ই মে সংঘটিত অপ্রীতিকর ঘটনায় অভিযুক্ত ছাত্রদেরকে সাময়িকভাবে বহিষ্কার এবং শাস্তি প্রদানের দাবিতে শাবিপ্রবি শিক্ষকরা দ্বিতীয় দফায় ওইদিন থেকে পূর্ণদিবস কর্মবিরতি আরম্ভ করেন।

ছাত্রদল শাবিপ্রবি শাখা বৃহস্পতিবার ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল-সমাবেশ করে। এতে সভাপতিত্ব করেন আদিব হাসান বসুনিয়া। বক্তব্য রাখেন মামুন-অর-রশীদ, তারেক হোসেন রানা প্রমুখ। বক্তারা অভিযোগ করেন, আওয়ামীপন্থী শিক্ষকদের মদদে শিক্ষক সমিতি ধর্মঘট ডেকে ছাত্রছাত্রীদের শিক্ষা জীবনকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে।

সমাবেশ থেকে আগামী ৩০শে জুনের মধ্যে শাবিপ্রবিতে ক্লাশ চালু এবং সুষ্ঠ ক্যাম্পাস জীবন নিশ্চিত করার দাবি জানানো হয়।